



ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগে ০৩ (তিন) টি স্থায়ী সহকারী অধ্যাপকের শূন্য পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দপ্তর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেলঃ ৩৫,৫০০-৬৭,০১০/- টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)।

যোগ্যতা : প্রার্থীদের অবশ্যই কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিষয়ে বিএসসি (সম্মান) এবং এমএসসি পরীক্ষার উভয়টিতে ন্যূনতম প্রথম বিভাগ অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.৫০ থাকতে হবে এবং এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় প্রথম বিভাগ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে ৪.২৫ থাকতে হবে। কোন বিশ্ববিদ্যালয়ে তাঁদের কমপক্ষে তিন বৎসরের শিক্ষাদানের অভিজ্ঞতাসহ স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় কমপক্ষে ০৩ (তিন)টি প্রকাশিত প্রবন্ধ থাকতে হবে। শিক্ষক হিসাবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকাণ্ড পরিচালনায় বিশেষ অবদানও যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। অন্যান্য যোগ্যতা সমান থাকলে পিএইচডি ডিগ্রিধারীদের অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ৮ (আট) কপি দরখাস্ত রেজিস্ট্রারের নিকট পৌঁছাতে হবে। প্রত্যেক কপি দরখাস্তের সহিত সার্টিফিকেট, প্রশংসাপত্র, মার্কশিট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করত হবে। দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ০৯.০৬.২০২১। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।